

শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ

...
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
মাদ্রাসা শাখা-০৩
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.tmed.gov.bd



স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.০০০.২৭.০০২.২১.৬৪

তারিখ: ২০ জ্যৈষ্ঠ ১৪২৮

০৩ জুন ২০২১

বিষয়: লক্ষীপুর জেলার রামগঞ্জ উপজেলার নাগমুদ বাজার, কে আই ফাজিল মাদ্রাসার সহকারী শিক্ষক মোঃ গিয়াস উদ্দিন (সেলিম) এর বিরুদ্ধে মাদ্রাসার অর্থ আত্মসাৎ এর অভিযোগ সংক্রান্ত।

সূত্র: জনাব মোঃ কাউছ, সাং-সাহারপড়া, উপজেলা-রামগঞ্জ, জেলা-লক্ষীপুর এর নিকট হতে প্রাপ্ত আবেদন।

উপর্যুক্ত বিষয়ে লক্ষীপুর জেলার রামগঞ্জ উপজেলার নাগমুদ বাজার, কে আই ফাজিল মাদ্রাসার সহকারী শিক্ষক মোঃ গিয়াস উদ্দিন (সেলিম) এর বিরুদ্ধে মাদ্রাসার অর্থ আত্মসাৎ এর অভিযোগ এনে জনাব মোঃ কাউছ, সাং-সাহারপড়া, উপজেলা-রামগঞ্জ, জেলা-লক্ষীপুর এ বিভাগে আবেদন দাখিল করেছেন।

০২. আবেদনে জানানো হয়েছে যে, লক্ষীপুর জেলার রামগঞ্জ উপজেলার নাগমুদ বাজার, কে আই ফাজিল মাদ্রাসার সহকারী শিক্ষক মোঃ গিয়াস উদ্দিন (সেলিম) মাদ্রাসার অধ্যক্ষ ও কমিটির মাধ্যমে মাদ্রাসা টাকা আত্মসাৎ করেছেন। মাদ্রাসার হিসাব রক্ষক থাকা সত্ত্বেও তার ইচ্ছা অনুযায়ী মাদ্রাসা হিসাব রাখা হয় এবং মাদ্রাসার পুকুর ভরাট করে মার্কেট স্থাপনে দুর্নীতির মাধ্যমে অর্থ আত্মসাৎ করেছেন। বিগত ৩১.১১.২০১৯খ্রি. তারিখে গভর্নিং বডি তাঁর বিরুদ্ধে ৯৪,৯২,৩২০/- টাকা আত্মসাতের প্রমাণ পায়। এছাড়াও ওয়াজ মাহ্ফিল, মাদ্রাসার মাঠে কোরবানীর পশুর হাট এবং ফসলাদি বিক্রয়কৃত অর্থ আত্মসাৎ করেন।

৩.০ এমতাবস্থায়, বর্ণিত আবেদনের বিষয়ে বিধি মোতাবেক পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করে এ বিভাগকে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: ০৩ (তিন) পাতা।

৩-৬-২০২১

সৈয়দ আসগর আলী
সহকারী সচিব

মহাপরিচালক (অতিরিক্ত সচিব), মাদরাসা শিক্ষা
অধিদপ্তর


স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.০০০.২৭.০০২.২১.৬৪/১(৪)

তারিখ: ২০ জ্যৈষ্ঠ ১৪২৮

০৩ জুন ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ২) সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৩) অতিরিক্ত সচিব(মাদ্রাসা) এর ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৪) অফিস কপি।



৩-৬-২০২১

সৈয়দ আসগর আলী

সহকারী সচিব